# BENGALI

*Maximum Marks : 80*

*Time Allowed : Three Hours*

*(Candidates are allowed **additional 15 minutes** for **only** reading the paper.*

*They must **NOT** start writing during this time.)*

*Answer **Questions 1, 2 and 3 in Section A** and **four** other questions from **Section B** on*

***any three** out of the four prescribed textbooks.*

*The intended marks for questions or parts of questions are given in brackets [ ].*

## SECTION—A
## LANGUAGE - 40 MARKS

**Question 1** **[15]**

**Write a composition in approximately 400 words in Bengali on any *one* of the topics given below.**

**নিম্নলিখিত যে কোন একটি বিষয়ের উপর ৪০০ (চারশো) শব্দে একটি রচনা লেখ।**

(i) এমন একটি ঘটনার কথা লেখ, যে ঘটনার পর থেকে তুমি ভয়কে জয় করতে শিখেছ।

(ii) মনে কর তুমি চাঁদে পৌঁছেছ ; সেখানে তুমি কি দেখলে ও শুনতে পেলে তার বিবরণ দাও। সেই অভিজ্ঞতা পৃথিবীর থেকে কতটা আলাদা বলে তোমার মনে হল, সে কথাও লেখ।

(iii) 'বিজ্ঞাপন আমাদের অবাস্তব স্বপ্ন দেখায়'— এর পক্ষে বা বিপক্ষে তোমার মতামত দাও।

(iv) 'স্মৃতি'।

(v) প্রযুক্তি নির্ভর জীবন বদলে দেয় মানুষে মানুষে সম্পর্কের সমীকরণ — আলোচনা কর।

(vi) নিম্নলিখিত যে কোন একটি বিষয়ের উপর মৌলিক গল্প লেখ।

(a) সহনশীলতা।

(b) নিমন্ত্রণ।

**This Paper consists of 8 printed pages.**



© *Copyright reserved.*

**Question 2**

**Read the passage given below carefully and answer in Bengali the questions that follow, using your own words.**

**নিম্নলিখিত রচনাংশটি ভালো করে পড়ে বাংলা ভাষায় প্রশ্নগুলির উত্তর দাও। উত্তরগুলি নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।**

বেলগাছিয়া মঞ্চে যখন অভিনীত হলো 'শর্মিষ্ঠা' নাটক তখন দর্শকরা সকলেই একবাক্যে স্বীকার করল যে এমন নাটক তারা এর আগে কখনো দেখেনি। তৎকালীন বাংলার লাটবাহাদুর স্যার জন পিটার গ্যান্ট, সুপ্রিম কোর্টের বিচারপতি ও আরও অনেক হোমড়া চোমড়া রাজপুরুষ সেদিন এসেছিলেন নাটকটি দেখতে। স্বয়ং মধুসূদন তাঁদের জন্য 'শর্মিষ্ঠা' নাটকের অনুবাদ করে রেখেছিলেন আগেই। অনেকেই বলতে লাগলেন, বাংলায় এটিই প্রথম সার্থক নাটক। সাহেবরাও মুগ্ধ হয়েছিলেন সেদিন।

প্রশংসা পেয়ে মধুসূদনকে কাজের নেশা পেয়ে বসেছে তখন। একদিন পাইকপাড়ার রাজারা 'শর্মিষ্ঠা' নাটকের মহড়ার সময় কথা প্রসঙ্গে মধুসূদনকে বলেন, বাংলায় তেমন হাস্যরসাত্মক নাটক নেই, অথচ মঞ্চে হাসি তামাসাই জমে ভালো। মাইকেল কেন তেমন নাটক ট্রাই করছেন না একবার !

কথা শুনে মাইকেল মহা উৎসাহে একখানা নয় দু'খানা প্রহসন লিখে ফেলেন ঝটপট। 'একেই কি বলে সভ্যতা ?' আর 'বুড়ো শালিকের ঘাড়ে রোঁ'। কিছুদিন আগেও যে মানুষটি পুরো একটি বাক্য বাংলায় বলতে দ্বিধা করতেন, প্রহসনের কথ্য ভাষায় তাঁর দক্ষতা দেখে সকলে দ্বিতীয়বার স্তম্ভিত হল। শুধু তাই নয়, এর আগে কাউকে এত দ্রুত নাটক রচনা করতেও দেখা যায় না। সত্যিই মাইকেল মধুসূদন যেন এক জাদুকর !

প্রহসন দুটি রচনার পর মধুসূদন আবার লিখতে বসলেন 'পদ্মাবতী' নাটক। এই নাটকের কাহিনী নিলেন গ্রীক পুরাণ থেকে। তাঁর রচনায় পশ্চিমী প্রভাবের কথা অনেকেই বলতেন, কিন্তু তিনি এবার দেখিয়ে দিলেন, সরাসরি বিদেশী কাহিনী নিয়েই স্বদেশী নাটক রচনা সম্ভব।

'পদ্মাবতী' লিখতে লিখতেই মধুসূদনের মন আবার উচাটন হল। নাটক মানেই তো গদ্য ! এ তিনি কোন্ পথে চলেছেন ? বাল্যকাল থেকেই তো তিনি গদ্যের উৎপাত অপছন্দ করেন। কাব্যের সরোবরে অবগাহন করাই তাঁর কাছে সবচেয়ে বেশি আনন্দের।

'পদ্মাবতী' রচনা মাঝপথেই থেমে রইলো। এবার তিনি এমন কাব্য রচনা করবেন যা বাংলায় এর আগে কেউ কখনো চিন্তাও করেনি। কিন্তু কোন্ বিষয় নিয়ে লিখবেন, তা ঠিক করতে পারছেন না। বেশ কয়েকদিন এইরকম অস্থিরতায় কাটলো।

এদিকে মধুসূদনের নাট্য রচনার সাফল্যে তাঁর ছাত্রবয়সের বন্ধুরা সবাই পুলকিত। চাকুরি উপলক্ষে অনেকেই দূর দূরান্তরে ছড়িয়ে-ছিটিয়ে আছে, তারা চিঠি লিখে মধুসূদনকে

অভিনন্দন জানায়। কলকাতায় যারা থাকে, তারা অনেকে দেখা করতে আসে। মাদ্রাজ থেকে ফেরার পর পুলিশ আদালতে সামান্য চাকুরি নিয়ে মধুসূদন যখন দীন অবস্থায় বছরের পর বছর কাটাচ্ছিলেন, তখন একমাত্র গৌরদাস বসাক ছাড়া বন্ধুরা কেউ আর তার কুশল সংবাদ নিত না। এখন বন্ধুরা আবার ফিরে আসায় মধুসূদন অভিমান করেন না, বরং তাঁর আত্মম্ভরিতায় সুড়সুড়ি লাগে। দরাজ হাতে আপ্যায়ন করেন তিনি, কখনো টাকা পয়সা না থাকলে বন্ধুদের থেকে ধার গ্রহণ করে তাদেরই খাওয়ান।

সেবার রাজনারায়ণ আর গৌরদাস দুজনেই বড়দিনের ছুটি উপলক্ষে কলকাতায় এসেছেন। মধুসূদনের বাড়িতে প্রায় নিত্য দিন আসেন তাঁরা। খোসগল্পে ঘণ্টার পর ঘণ্টা কেটে যায় তাঁদের।

একদিন গৌরদাস এসে বলেন, 'জানিস মধু, আমাদের গঙ্গা ফিরে এয়েচে অ্যাতদিন বাদে।' মধুসূদন জিজ্ঞেস করেন, " 'গঙ্গা' ? কোন্ গঙ্গা ?"

গৌরদাস বললেন, 'সেই যে রে, গঙ্গানারায়ণ, আমাদের সঙ্গে পড়তো, সিংগীদের বাড়ির ছেলে, খুব লাজুক, ইনট্রোভার্ট টাইপের'— মধুসূদনের মনে পড়ল না। অন্তত সতেরো বছর গঙ্গানারায়ণের সঙ্গে তাঁর দেখা হয়নি ... মনে না পড়ারই কথা। তিনি ভ্রূকুঞ্চিত করে রইলেন।

প্রশ্ন ঃ

(i) মধুসূদনের লেখা দুটি প্রহসনের নাম কি ? কাদের অনুরোধে তিনি এগুলি রচনা করেন ? [3]

(ii) 'পদ্মাবতী' রচনা মাঝপথে থেমে ছিল কেন ? [3]

(iii) মধুসূদনের নাটক রচনার সাফল্যে তাঁর বন্ধুদের কেমন প্রতিক্রিয়া ছিল ? [3]

(iv) গ্রীক পুরাণ থেকে উপাদান নিয়ে মধুসূদন যে নাটকটি লেখেন, তার নাম হল ঃ [1]

(a) শর্মিষ্ঠা

(b) পদ্মাবতী

(c) একেই কি বলে সভ্যতা

(d) বুড়ো শালিকের ঘাড়ে রোঁ

(v) স্যার জন পিটার গ্রাণ্ট ছিলেন ঃ [1]

(a) সুপ্রিম কোর্টের বিচারপতি

(b) মস্ত উকিল

(c) বাংলার লাট বাহাদুর

(d) ইংরেজ নাট্যকার

(vi) 'শর্মিষ্ঠা' নাটকটি অভিনীত হয়েছিল ঃ [1]

(a) ঠাকুরবাড়ির নাট্যশালায়

(b) মেট্রোপলিটন থিয়েটারে

(c) বেঙ্গলী থিয়েটারে

(d) বেলগাছিয়া মঞ্চে

(vii) রাজনারায়ণ কলকাতায় এসেছিলেন ঃ [1]

(a) পুজোর ছুটি উপলক্ষে

(b) বড়দিনের ছুটি উপলক্ষে

(c) নববর্ষের ছুটিতে

(d) পারিবারিক অনুষ্ঠানে যোগ দিতে

(viii) 'অবগাহন' শব্দের অর্থ হলো ঃ [1]

(a) জলে শরীর ডুবিয়ে স্নান করা

(b) অবাক হওয়া

(c) আবেগ

(d) জলের দিকে তাকিয়ে থাকা

(ix) উদ্ধৃত রচনাংশটির নামকরণ হতে পারে ঃ [1]

(a) বেলগাছিয়া মঞ্চে

(b) ঊনবিংশ শতকের বাংলা নাটক

(c) ঊনবিংশ শতকের বাংলা নাটক ও মধুসূদন

(d) প্রহসন

**Question 3**

**Do as directed.**

**নিজের প্রশ্নগুলির উত্তর দাও ঃ-**

(i) ১৯৫৭ সালে পলাশির যুদ্ধ জিতে ইস্ট-ইণ্ডিয়া কোম্পানি বাংলা-বিহার-ওড়িশার দেওয়ানি লাভ করে। (যৌগিক বাক্যে পরিণত কর।) [1]

(ii) মানুষকে শ্রদ্ধা করলে মানুষের কাছ থেকে শ্রদ্ধা পাবে। (জটিলবাক্যে পরিণত কর) [1]

(iii) সঠিক বানানটি বেছে নাও ঃ [1]

(a) বিগ্যান

(b) বিজ্ঞ্যান

(c) বিজ্যাণ

(d) বিজ্ঞান

(iv) সঠিক বানানটি বেছে নাও ঃ [1]

(a) আকাংখা

(b) আকাঙখ্যা

(c) আকাঙ্ক্ষা

(d) আকাংখ্যা

(v) বিষয়টা আমার চোখে পড়েছে। 'চোখ' শব্দটি কি অর্থে ব্যবহার করা হয়েছে ঃ [1]

(a) ইশারায়

(b) অঙ্গে

(c) নজরে

(d) রাগে

(vi) __________ আঁচে তাড়াতাড়ি রান্না হবে। — উপযুক্ত ধ্বন্যাত্মক শব্দ বেছে শূণ্যস্থান পূরণ কর ঃ [1]

(a) গল্‌গলে

(b) গন্‌গনে

(c) ছল্‌ছলে

(d) মিট্‌মিটে

(vii) এতবড় ঘটনা ঘটে গেল, অথচ রঞ্জন তার __________ জানতে পারল না। উপযুক্ত বাগ্‌ধারা দিয়ে শূন্যস্থান পূরণ কর ঃ [1]

(a) ননীর পুতুল

(b) টই-টম্বুর

(c) বিন্দুবিসর্গ

(d) খয়ের খাঁ

(viii) মহাদেববাবু আজন্ম থেকে দারিদ্র্যের সঙ্গে লড়াই করছেন।— বাক্যটি শুদ্ধ করে লিখলে হবে ঃ [1]

(a) মহাদেববাবু আজন্ম থেকে কি দারিদ্র্যের সঙ্গে লড়াই করছেন না ?

(b) মহাদেববাবু আজন্ম থেকে দারিদ্র্যের সঙ্গে লড়াই করিতেছিলেন ?

(c) মহাদেববাবু আজন্ম দারিদ্র্যের সঙ্গে লড়াই করছেন।

(d) আজন্ম থেকে মহাদেববাবু দারিদ্র্যের সঙ্গে লড়াই করিতেছেন।

(ix) সকাল সকাল অসীতবাবু কোথা থেকে আসছেন ? — বাক্যটিকে ভাববাচ্যে পরিণত করলে হবে ঃ [1]

(a) সকাল সকাল অসীতবাবু কোথা থেকে ফিরছেন ?

(b) সকাল সকাল অসীতবাবুর কোথা থেকে আসা হয় ?

(c) এখন কোথা থেকে এলেন অসীতবাবু ?

(d) সকাল সকাল অসীতবাবুর কোথা থেকে আসা হবে ?

(x) যেখানে সহজে গমন করা যায় না - এর এককথায় প্রকাশ হবে ঃ [1]

(a) দুর্দম

(b) দুর্গম

(c) দুর্জ্ঞেয়

(d) সুদূর

## SECTION—B

## LITERATURE - 40 MARKS

Answer ***four*** questions from this section on ***any three*** out of the four prescribed text books.
নির্ধারিত চারটি পাঠ্যপুস্তকের মধ্যে যে কোনো তিনটি বই থেকে চারটি প্রশ্নের উত্তর দাও।

### প্রবন্ধ ও গদ্য সংকলন

### (PROBONDHO O GODYA SONKOLON)

**Question 4**

''পরীক্ষার ঘর কি তবে একটা চোর পুলিশের খেলা ?''

(i) কোন্ মূলগ্রন্থ থেকে রচনাটি নেওয়া হয়েছে ? [1]

(ii) কে, কাদের একথা বলেন ? [2]

(iii) চোর পুলিশের খেলা বলতে বক্তা কি বুঝিয়েছিলেন ? [2]

(iv) বক্তার কথার কি ফল হয়েছিল ? তোমার স্কুল-জীবনে এমন কোনো ঘটনার কথা কি তোমার মনে পড়ে ? [5]

**Question 5** [10]

''আর একবার দেখেছিলাম তাঁকে।''

— কে কার কথা বলছেন ? প্রথমবার বক্তা 'তাঁকে' কোথায় দেখেছিলেন, কেমন দেখেছিলেন ? আর একবার 'তাঁকে' বক্তা কখন দেখেছিলেন, তখন তাঁর কি মনে হয়েছিল ? 'সুন্দরী' বলতে বক্তা কি বোঝাতে চেয়েছেন, এ বিষয়ে তোমার মতামত জানাও।

**Question 6** [10]

''সুমিত্রা, তোমার সঙ্গে আমি প্রতারণা করেছি।''

— বক্তা কে ? সুমিত্রা কে ও তার বংশের কি পরিচয় পেয়েছ ? বক্তার একথা বলার কারণ কি ? এমন প্রতারণা তুমি কতটা সমর্থন কর।

## কবিতা সংকলন

## (KOBITA SONKOLON)

**Question 7**

''আমাদের শত্রুও সেই এক
যারা আমাদের আস্ত-মস্ত সোনার দেশকে খণ্ড খণ্ড করেছে''

(i) কার লেখা, কোন্ মূলগ্রন্থ থেকে কবিতাটি নেওয়া হয়েছে ? [1]

(ii) 'শত্রু' বলতে কবি কাদের বুঝিয়েছেন ? [2]

(iii) 'সোনার দেশ' বলতে কি বোঝানো হয়েছে ? [2]

(iv) দেশ খণ্ড হলেও কি কি বিষয়ে এই বিভাজন হয়নি আজও ? দুই দেশের মধ্যে তুমি কি বিষয়ে সবচেয়ে বেশি মিল দেখতে পাও ? [5]

**Question 8** [10]

''এক আকালের মেয়ে তোমার
আরেক আকালের মুখে দাঁড়িয়ে
তোমাকেই সে খুঁজছে।''

— কার লেখা, কোন্ কাব্যগ্রন্থের কবিতা ? আকালের মেয়ে কে ? সে কাকে খুঁজছে ? 'আকালের মেয়ে' 'আকালের মুখে' দাঁড়িয়ে আছে বলতে কবি কি বোঝাতে চেয়েছেন বলে মনে হয় ?

**Question 9** [10]

''আমি ক্লান্ত প্রাণ এক, চারিদিকে জীবনের সমুদ্র সফেন,
আমারে দু-দণ্ড শান্তি দিয়েছিল নাটোরের বনলতা সেন।''

— কোন্ মূল কাব্যগ্রন্থ থেকে কবিতাটি নেওয়া হয়েছে ? বনলতা সেনকে কবি কিভাবে ইতিহাসের পাতায় খুঁজে পান ? বনলতা সেনের উপস্থিতি কবির জীবনে গুরুত্বপূর্ণ কেন বলে তোমার মনে হয় ?

## কোনি

## (KONI)

**Question 10**

''তখনই লীলাবতী হস্তক্ষেপ করে, দোকানের দায়িত্ব নেয়।''

(i) উপন্যাসটি কত সালে প্রকাশিত হয় ? [1]

(ii) এখানে কোন্ দোকানের কথা বলা হয়েছে ? [2]

(iii) লীলাবতী কে ? [2]

(iv) লীলাবতী কেন দোকানের দায়িত্ব নেয় ? এ প্রসঙ্গে দোকানের কাজে লীলাবতীর এই হস্তক্ষেপ কতটা ঠিক বলে তোমার মনে হয় ? [5]

**Question 11** [10]

"ঠিক সেই সময়ই কোনি ছুটে এসে ওকে চড় মারল।"

কোনি কাকে চড় মারল ? কখন, কেন কোনি এই কাজটা করেছিল ? এই প্রসঙ্গে কোনি তাকে আর কি বলেছিল ? যাকে কোনি চড় মারে সে মেয়েটি আসলে কেমন তা আলোচনা করে বল কোনি কি কাজটা ঠিক করেছিল ?

**Question 12** [10]

"তোমার লাস্ট ফরটি মিটারস আমি ভুলব না।"

— কে, কাকে একথা বলেছিল ? লাস্ট ফরটি মিটারস বলতে বক্তা কি বোঝাতে চেয়েছিলেন ও কেন তিনি ভুলবেন না ? এই অংশটি থেকে বক্তা সম্পর্কে তোমার কি ধারণা হয় ?

## মুকুট
## (MUKUT)

**Question 13**

"জনাব, চুপ করে থাকা বড় শক্ত, হাসিতে যে পেট ফেটে যায় হুজুর।"

(i) রবীন্দ্রনাথ কাদের অভিনয়ের জন্য 'মুকুট' নাটকটি লিখেছিলেন ? [1]

(ii) বক্তা কে, কাকে একথা বলেছিলেন ? [2]

(iii) বক্তার একথা বলার কারণ কি ? [2]

(iv) এই কথায় কে রেগে গিয়েছিল ও কেন ? [5]

**Question 14** [10]

"যা মিথ্যা হওয়া উচিত ছিল এক এক সময় তাও সত্য হয়ে ওঠে।"

— কে, কখন একথা বলেছেন ? এই কথা বলার কারণ কি ? এরপর রাজধর সেখানে প্রবেশ করলে পরস্পর তিন ভাইয়ের মধ্যে যে সব কথা হয় তা বর্ণনা কর।

**Question 15** [10]

"ঠিক কথা বল তো কী হয়েছে। তূণ বদল হয়নি তো ?"

— কে, কাকে একথা বলেছেন ? বক্তার মনে এমন সন্দেহ হওয়ার কারণ কি ছিল ? তূণ বদলের প্রসঙ্গ কেন বলেছেন তিনি ? বক্তাকে কেমন মানুষ বলে তোমার মনে হয় ?